১০৭

তারিখ [illegible]
পৃষ্ঠা ১৩ কলাম ৩

দৈনিক ইত্তেফাক

# ‘উচ্চতর বিদ্যাপিঠের ৪২ ভাগ আবাসিক ছাত্র-ছাত্রী নেশাসক্ত’

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়সহ রাজধানীর উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে অধ্যয়নরত আবাসিক ছাত্র-ছাত্রীদের শতকরা ৪২ ভাগ নেশাসক্ত। তাহাদের মধ্যে শতকরা ২৭ দশমিক ৪৩ ভাগ ছাত্র রাজনীতির সহিত জড়িত। নেশা দ্রব্যের মধ্যে রহিয়াছে ফেনসিডিল, সিগারেট, মদ, ঘুমের বড়ি, গাঁজা, ভাং, চরস এবং হেরোইন। ব্র্যাকের সহযোগিতায় মাদকবিরোধী সংগঠন ‘লাইফ’ রাজধানীর কয়েকটি উচ্চ বিদ্যাপীঠের আবাসিক হল ও হোস্টেলে এ জরিপ চালায়। জরিপ পরিচালনা করেন ডাঃ আবুল হাসনাৎ মিল্টন, ডাঃ মহিবুল আবরার ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ডঃ সেজুয়ান হোসাইন ভুঁইয়া। ৩৩৬ জন ছাত্র ও ১৩০ জন ছাত্রীর মধ্যে পরিচালিত জরিপে দেখা যায়, শতকরা ২২ দশমিক ৫ ভাগ কৌতূহল হইতে নেশাসক্ত হইয়া পড়িয়াছে। হলের সিনিয়রদের দেখিয়া এবং তাহাদের আমন্ত্রণে নেশাগ্রস্ত হইয়া পড়িয়াছে ৫ দশমিক ১৩ ভাগ। নেশাসক্তদের মধ্যে শতকরা ৩১ দশমিক ৫৩ ভাগ সাংস্কৃতিক কর্মকান্ড, ২২ ভাগ সামাজিক কর্মকান্ড, ১৩ ভাগ খেলাধুলা এবং ২ ভাগ অন্যান্য কর্মকান্ডে জড়িত।